

ঢাবির 'খ' ইউনিটের সাক্ষাত্কারের তারিখ পরিবর্তন

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়


১০ নভেম্বর ২০১৯, ২০:১১
আপডেট: ১০ নভেম্বর ২০১৯, ২০:১৩



দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটে উত্তীর্ণ শিক্ষার্থীদের সাক্ষাত্কারের তারিখ পরিবর্তন করা হয়েছে। আজ সোমবার থেকে এই সাক্ষাত্কার শুরু হওয়ার কথা থাকলেও পরিবর্তিত তারিখ অনুযায়ী ১৬ নভেম্বর থেকে এই সাক্ষাত্কার শুরু হবে।

আজ রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে সাক্ষাত্কারের তারিখ পরিবর্তনের এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১৬ নভেম্বর সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬: ৪৫ পর্যন্ত মেধাক্রমে ১ থেকে ৬০০ পর্যন্ত প্রার্থীদের সাক্ষাত্কার নেওয়া হবে। ১৭ নভেম্বর সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬: ৪৫টা পর্যন্ত মেধাক্রম ৬০১ থক ১২০০ পর্যন্ত প্রার্থীদের সাক্ষাত্কার নেওয়া হব। ১৮ নভেম্বর সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬: ৪৫টা পর্যন্ত মেধাক্রম ১২০১ থক ১৮০০ পর্যন্ত প্রার্থীদের আর ১৯ নভেম্বর সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬: ৪৫ পর্যন্ত মেধাক্রম ১৮০১ থক ২৪০০ পর্যন্ত প্রার্থী সাক্ষাত্কার নেওয়া হবে।



কলা অনুষদের ডিন কার্যালয়ে এসব সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়। এ ছাড়া অনুষদভুক্ত থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং সংগীত ও নৃত্যকলা বিভাগের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পরে জানানো হবে বলেও জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গত ১৩ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘খ’ ইউনিটের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়। প্রকাশিত ফলাফলে অংশ নেওয়া ২৩.৭২ শতাংশ পরীক্ষার্থী পাস করেছেন। ২১ সেপ্টেম্বর এই ইউনিটের পরীক্ষা হয়েছিল।

‘খ’ ইউনিটে ২ হাজার ৩৭৮ আসনের বিপরীতে এবার ৪৫ হাজার ১৮ শিক্ষার্থী ভর্তির আবেদন করেন। পরীক্ষায় অংশ নেন ৪২ হাজার ৯৫৪ জন। লিখিত ও নৈর্ব্যক্তিক অংশে সমষ্টিতভাবে উত্তীর্ণ হন ১০ হাজার ১৮৮ পরীক্ষার্থী। ১৬ অক্টোবর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত উত্তীর্ণ শিক্ষার্থীরা (মেধাক্রম ১ থেকে ৬০০০ পর্যন্ত) বিস্তারিত ফরম ও ‘চয়েস ফরম’ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জমা দিয়েছেন।